



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2020

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

গভর্নর কুউমো নিউ ইয়র্ক স্টেটে আরও 16টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন- যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 105-এ উন্নীত করে

গভর্নর ফেডারেল সরকারকে রোগ নির্ণয়ের সক্ষমতা সম্প্রসারণের জন্য স্বয়ংক্রিয় এবং হস্তসামর্থিত পরীক্ষা দ্রুত অনুমোদনের আহ্বান জানিয়েছেন

পরিচ্ছন্নতার রসদ এবং পরীক্ষার সরঞ্জামাদি দ্রুত সরবরাহের জন্য গতকাল জরুরি অবস্থা জারি করেছেন

গভর্নর বাসা থেকে কাজ করা, টেলিযোগাযোগ এবং ভাইরাস ছড়িয়ে পড়া আটকানোর জন্য যখনই সম্ভাব ঘন জনবহুল স্থান এড়িয়ে চলতে উৎসাহিত করেছেন

গভর্নর অ্যাল্ডু এম. কুউমো তাঁর সর্বশেষ তথ্যদানের পরে নিউ ইয়র্ক স্টেটে আরও 16টি করোনাভাইরাসের ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন আজ, যা স্টেট জুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 105-এ উন্নীত করেছে। 16টি নতুন আক্রান্তের ঘটনা যেগুলো গভর্নরের সর্বশেষ তথ্য সংযোজনের পরে ঘটেছে সেগুলোর, 12টি ওয়েস্টচেস্টার কাউন্টিতে, একটি নিউ ইয়র্ক সিটির ব্রংক্সে, একটি নাসাউতে, একটি সাফলোকে এবং একটি আলস্টারে। অধিকন্তু, গভর্নর আজ ফেডারেল সরকারের কাছে নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষার ক্ষমতা বাড়ানোর জন্য ব্যক্তিগত পরীক্ষাগার এবং স্বয়ংক্রিয় ও হস্তচালিত পরীক্ষার অনুমোদন স্বরাস্থিত করার আহ্বান জানিয়েছেন। তিনি বাড়িতে থেকে কাজ করা, টেলিযোগাযোগ এবং ভাইরাসের বিস্তৃতি আটকানোর জন্য যখনই সম্ভাব ঘন জনবহুল স্থান এড়িয়ে চলতে উৎসাহিত করেছেন।

মোট 105 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

ওয়েস্টচেস্টার: 82

নিউ ইয়র্ক সিটি: 12

নাসাউ: 5

সাফোক: 1

রকল্যান্ড: 2

আলস্টার: 1  
সারাটোগা: 2

"আমরা লোকদের পরীক্ষা করা অব্যাহত রেখেছি এবং এই ভাইরাসের বিস্তার রোধে তাদের প্রয়োজনীয় সংস্থানগুলো সরবরাহের জন্য হাসপাতাল এবং স্থানীয় সরকারদের সাথে কাজ করে চলেছি," **গভর্নর কুওমো বলেন।** "আমরা দ্রুত সচল হয়েছি তবে ফেডারেল সরকার মাত্রার চেয়েও মন্থর এবং তারা ধীরগতি অব্যাহত রেখেছে। এটি অগ্রহণযোগ্য - আজই আমাদের এই ব্যক্তিগত গবেষণাগারসমূহের অনুমোদনের প্রয়োজন যাতে আমরা এই উদ্ভূত পরিস্থিতির চেয়ে এগিয়ে থাকতে পারি। ভাইরাসের চেয়েও এখন খারাপ বিষয়টি হল ভীতিজনিত মহামারী - এবং এইসকল অতিরিক্ত সুবিধার অনলাইন প্রাপ্তি নিশ্চিত করবে যে আমাদের কাছে আরও বেশি তথ্য রয়েছে যা মানুষকে শান্ত রাখতে সহায়তা করবে।"

গতকাল নভেল করোনাভাইরাস সম্পর্কিত এক ব্রিফিংয়ের সময়, গভর্নর অ্যাড্ভু এম. কুওমো ঘোষণা করেছিলেন যে তিনি জরুরি অবস্থা জারি করেছেন নিউ ইয়র্ককে আরও দ্রুত এবং কার্যকরভাবে ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণে সহায়তা করতে। জরুরি অবস্থার ঘোষণা অনুমতি দেয়, অন্যান্য বিষয়সহ:

- পরিচ্ছন্নতার রসদ, হাতের জীবাণুনাশক এবং অন্যান্য প্রয়োজনীয় সংস্থানসমূহ দ্রুত সরবরাহ করা
- রোগ নির্ণয়ের জন্য ডাক্তার এবং নার্স ব্যতীত যোগ্য পেশাদারদের অনুমতি দেওয়া
- পরীক্ষার রসদ ও সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করা
- কর্মীদের দ্রুত নিযুক্ত করা
- গবেষণাগারের স্থানের দ্রুত ইজারা দেওয়া
- জরুরী চিকিৎসা সেবা (Emergency medical services, EMS) কর্মীদের রোগীদের কেবল হাসপাতাল ছাড়া অন্য পৃথকীকরণের স্থানে পরিবহনের অনুমতি দেয়া
- অযাচিত মূল্যবৃদ্ধি এবং প্রয়োগের তদন্তের সুস্পষ্ট ভিত্তি সরবরাহ করা

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্ৰাইব করুন](#)